

135745 - বিশেষ বিশেষ সময়ে যে সূরাগুলো পড়া মুস্তাহব

প্রশ্ন

প্রশ্ন: কুরআনে এমন কিছু সূরা আছে কী যেগুলো নির্দিষ্ট দিন বা বিশেষ বিশেষ সময়ে পড়া যেতে পারে, যেমন- সূরাতুল কাহাফ। এ বিষয়ে নিশ্চিত করবেন আশা করছি। আপনাদের প্রতি অশেষ কৃতজ্ঞতা রইল।

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। বিশেষ বিশেষ দিনে বিশেষ কোন সূরা পড়ার ব্যাপারে অনেক হাদিস বর্ণিত হয়েছে। কিন্তু জুমার দিন ও রাতে সূরা কাহাফ পড়ার বিষয়ে বর্ণিত হাদিস ছাড়া এ বিষয়ক আর কোন হাদিস সহিহ নয়। ইতিপূর্বে [10700](#) নং প্রশ্নেতরে এ বিষয়টি উল্লেখ করা হয়েছে। তবে সকাল-সন্ধ্যার দোয়ার মধ্যে কোন কোন সূরা পড়ার বিষয়টি একাধিক সূরার ক্ষেত্রে বর্ণিত হয়েছে। যেমন সূরা মুলক প্রতি রাতে পড়া। ঘুমের পূর্বে আয়াতুল কুরসি, সূরা ফালাক, সূরা নাস, সূরা বনি ইসরাইল ও সূরা যুমার পড়ার কথা বর্ণিত হয়েছে। নিম্নবর্ণিত প্রশ্নেতরে এ বিষয়ে সহিহ দলিলগুলো তুলে ধরা হয়েছে: [26240](#), [72591](#), [6092](#)।

আল্লাহই ভাল জানেন।